

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.৯০.১২(অংশ) ৮৬৭

তারিখ : ২৯ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
১৩ সেপ্টেম্বর ২০১৭ ইং

বিষয়: বদলীজনিত কারণে ঢাকাস্থ ডিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজে, বেইলি রোড শাখায় নবম শ্রেণিতে ভর্তির আবেদন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেঙ্কিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন গত ১৩ আগস্ট ২০১৭ তারিখে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে যোগদান করেন। তাঁর মেয়ে সিরাতুল মুস্তাকিম মানিকগঞ্জ জেলার সদরে অবস্থিত এস কে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্রী। বর্তমানে জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন পরিবার নিয়ে ঢাকাস্থ শান্তিনগর এলাকায় বসবাস করছেন। এমতাবস্থায়, জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন এর বদলীজনিত কারণে তাঁর কন্যাকে ঢাকাস্থ ডিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজে, বেইলি রোড শাখায় নবম শ্রেণিতে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে আবেদন করেছেন।

০২। বর্ণিতাবস্থায়, সিরাতুল মুস্তাকিম কে ঢাকাস্থ ডিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজে, বেইলি রোড শাখায় নবম শ্রেণিতে ভর্তির বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদনপত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

উপ-পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল,
মিরপুর-১, ঢাকা।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
ফোন: ৯৫৫০৩৪১।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.৯০.১২(অংশ) ৮৬৭

তারিখ : ২৯ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
১৩ সেপ্টেম্বর ২০১৭ ইং

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, উপসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। অধ্যক্ষ, ডিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, বেইলি রোড, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (সরকারি/বেসরকারি মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব